

স্মারক নং:- ০৫.৫০.১০০৬.০০০.০৯.০০১.২৩-৪৮

তারিখ : ১৬/০১/২০২৩

বিহিগ্রাম হাট দোকান বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র উপজেলার সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এলজিইডি কর্তৃক আদমদিঘী উপজেলার চাঁপাপুর ইউনিয়নে নির্মিত বিহিগ্রাম হাটে দুইতলা বিশিষ্ট মার্কেটের ২২ টি (বাইশ) দোকান ঘর বরাদ্দের নিমিত্তে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অত্র উপজেলার প্রকৃত বাবসায়ী/আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে

ক্রমিক নং	দোকান ঘরের বিবরণ	দোকান সংখ্যা
০১	১ম (নীচ) তলা(কাঁচা বাজার, মাছ-মাংস ও মুদি দোকান) (মুদি দোকান) ৪টি ৪৮০.০০ বর্গ ফুট।	৪
০২	২য় তলা (হার্ডওয়্যার, গার্মেন্টস, কসমেটিকস ও মহিলা ব্যবসায়ীগণের দোকান) ক. হার্ডওয়্যার, গার্মেন্টস, কসমেটিকস ও অন্যান্য দোকান সংখ্যা ১৫ টি আয়তন ১৯২৮.১৭ বর্গ ফুট। খ. মহিলা ব্যবসায়ীদের দোকান সংখ্যা ৩ টি আয়তন ৩৫৫.৪০ বর্গ ফুট।	১৫ ০৩
	মোট	২২


শর্তাবলী:

- আবেদনকারীকে আদমদিঘী উপজেলার স্থানীয় এবং বাংলাদেশী নাগরিক হতে হবে।
- যেকোন দোকান বরাদ্দ/ভাড়া গ্রহণের জন্য নির্ধারিত “ফর্ম ক” উপজেলা প্রকৌশলীর দপ্তর হতে আবেদন পত্র সংগ্রহ করে স্বহস্তে পূরণ পূর্বক উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে জমা দিতে হবে। কোন প্রকার ঘষামাজা করা যাবে না।
- আবেদনকারী দোকানের অবস্থান, আয়তন ও আনুষ্ঠানিক বিষয়াদি বিবেচনা করে মাসিক ভাড়ার পরিমাণ আবেদন পত্রের সহিত দাখিল করিবেন। ভাড়াকৃত দোকান অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে হস্তান্তর বা ব্যবহারের জন্য পুনঃবরাদ্দ/ ভাড়া (সাবলেট) প্রদান করা যাবে না।
- দোকান ঘর বরাদ্দের ক্ষেত্রে সরকারের পরিপত্র এর কোটা অনুযায়ী দোকান ঘর বরাদ্দ দেওয়া হবে।
- দোকান ঘর বরাদ্দে অংশগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান সকল শর্ত পূরণকারী এবং সর্বোচ্চ ভাড়া প্রদানকারীকে দোকানঘর বরাদ্দ প্রদান করা হবে।
- বরাদ্দ প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে জেলা প্রশাসকের অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে ৫(পাঁচ) মাসের ভাড়ার সমপরিমাণ টাকা অগ্রিম/জামানত হিসাবে জমা করতে হবে
- দোকান বরাদ্দ/ভাড়া গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান বিস্তারিত তথ্যের জন্য অফিস চলাকালীন সময় পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে পারবেন।
- দোকান ঘর বরাদ্দে অংশগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স দাখিল করতে হবে।
- আবেদনের শুরু তারিখ ২০/০১/২০২৩ইং এবং আবেদন পত্র জমা দানের শেষের তারিখ ১৯/০২/২০২৩ ইং।
- আবেদন ফি ৫০০টাকা আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
- নির্ধারিত তারিখ এর পর কোন আবেদন পত্র বিক্রয়/গ্রহণ করা হবে না।
- আবেদনের সাথে সংযুক্ত করতে হবেঃ
 - ক) ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি।
 - গ) জাতীয় পরিচয়পত্রের ০১(এক) কপি সত্যায়িত ছবি।
 - খ) নাগরিকত্ব সার্টিফিকেট মূল কপি।
 - ঘ) পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি সত্যায়িত ছবি।

[বিঃদ্র: কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দোকান ঘর বরাদ্দের আবেদনপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।]

অনুলিপি:

- জেলা প্রশাসক, বগুড়া।
- অতিরিক্ত জেলা প্রশাসক, বগুড়া।
- নির্বাহী প্রকৌশলী, বগুড়া অঞ্চল, বগুড়া।
- চেয়ারম্যান উপজেলা পরিষদ, আদমদিঘী, বগুড়া।
- সহকারী কমিশনার (ভূমি), আদমদিঘী, বগুড়া।
- উপজেলা প্রকৌশলী, আদমদিঘী, বগুড়া।
- চেয়ারম্যান চাঁপাপুর ইউনিয়ন পরিষদ, আদমদিঘী, বগুড়া।
- সভাপতি বিহিগ্রাম হাট, চাঁপাপুর, আদমদিঘী।


টুকটুক তালুকদার
উপজেলা নির্বাহী অফিসার
আদমদিঘী, বগুড়া।